# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**25 MAY 2026** **7:45—7:55 PM**

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ৬৬ জন বিশিষ্ট ব্যাক্তিকে পদ্ম পুরস্কার প্রদান । বরাক উপত্যকা থেকে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থকে মরণোত্তরভাবে পদ্মশ্রী পুরস্কার প্রদান।

২) আসাম বিধানসভার অধিবেশনে অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কীত বিল উত্থাপন ।

৩) বিধানসভায় মন্ত্রী অজন্তা নেওগের মহিলাদের জন্য এক তৃতীয়াংশ আসন সংরক্ষণের ব্যাবস্থা কার্যকর করার জন্য সংকল্প প্রস্তাব উত্থাপন ।

এবং

৪) রাজ্যের মূখ্য সচিবের পৌরহিত্যে ২০২৭ বর্ষের লোকগণনা ও গৃহ গণনার সঙ্গে জড়িত প্রধান লোক গনণা আধিকারিকদের রাজ্য পর্যায়ের সম্মেলন ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ৬৬ জন বিশিষ্ট ব্যাক্তিকে পদ্ম পুরষ্কার প্রদান করেন ।অনুষ্ঠানে উপ - রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । শ্রীমতী মূর্মূ আজকের অনুষ্ঠানে দুটি পদ্ম বিভূষণ , ছটি পদ্মভূষণ ও ৫৮ টি পদ্মশ্রী পুরষ্কার প্রদান করেন ।

উল্লেখ্য ২০২৬ সালের জন্য ৫ জনকে পদ্ম বিভুষণ , ১৩ জনকে পদ্মভূষণ ও ১১৩ জনকে পদ্মশ্রী পুরষ্কার সহ মোট ১৩১ জনকে পদ্ম পুরষ্কার প্রদান করা হয়েছে । বাকী থাকা ব্যাক্তিদের এই অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে পদ্ম পুরষ্কারগুলি প্রদান করা হবে ।প্রতিবছর সাধারণতন্ত্র দিবসে পদ্ম পুরষ্কারগুলি ঘোষনা করা হয় ।

বরাক উপত্যকার কবীন্দ্র পুরকায়স্থ সহ আসমের পাচজনকে পদ্ম পুরষ্কার প্রদান করা হয়েছে । এর মধ্যে সমাজসেবায় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থকে মরণোত্তরভাবে পদ্মশ্রী পুরষ্কার প্রদান করা হয়েছে। এছাড়া, কলা ক্ষেত্রে হরিচরণ শইকীয়া , পখিলা লেকথেপি ও নুরুদ্দিন আহমেদ ও কৃষি ক্ষেত্রে যোগেশ দেউরীকে পদ্ম পুরষ্কার প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের আজ তৃতীয় দিন অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কীত বিল উত্থাপন করা হয় । এই বিলের মাধ্যমে বহুবিবাহ নিষিদ্ধ করা সহ লিভ ইন সম্পর্কে থাকা লোকেদের ক্ষেত্রে পঞ্জীয়ন বাধ্যতামূলক করতে চাওয়া হয়েছে । তবে রাজ্যে বসবাসকারী অনুসূচিত জনজাতির লোকেদের এই বিলে অর্ন্তভুক্ত করা হবে না । বিবাহের ক্ষেত্রে পুরুষের ন্যূনতম বয়স ২১ বছর এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ বছর নির্ধারণ করা সহ বহু বিবাহ নিষিদ্ধ করতে চাওয়া হয়েছে । এদিকে আইনী অধিকারের সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে এই বিলে বিবাহ ও বিবাহ বিচ্ছেদের পঞ্জীয়ন বাধ্যতামূলক করতেও বলা হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার হয়ে মন্ত্রী অতুল বরা এই বিল উত্থাপন করেন ।

এর মাধ্যমে আসাম উত্তর-পূর্বের রাজ্যসমূহের মধ্যে এই বিল উত্থাপন করা প্রথম ও দেশের মধ্যে তৃতীয় বিজেপি শাসিত রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । এই বিল সম্পর্কে মন্ত্রী অতুল বরা বলেন ------বাইট-----

উল্লেখ্য চলতি বছরের বিধানসভা নির্বাচনের পূর্বে প্রচারিত সংকল্পপত্রে বি জে পি আসামে অভিন্ন দেওয়ানী বিধি প্রবর্তনের প্রতিশ্রুতি দিয়েছিলো । গত ১৩ মে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এই বিলটিতে অনুমোদন জানানো হয়েছিলো ।

অন্যদিকে বিধানসভায় আজ রাজ্যপালের ভাষণের প্রতি ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । রাইজর দলের বিধায়ক অখিল গগৈ সহ বেশকয়েকজন বিধায়ক রাজ্যপালের ভাসণের ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন । বিধানসভায় আজ মন্ত্রী অজন্তা নেওগ মহিলার জন্য এক তৃতীয়াংশ আসন সংরক্ষণের ব্যাবস্থা কার্যকর করার জন্য সংকল্প প্রস্তাব উত্থাপন করেন । শ্রীমতি নেওগ বলেন যে দেশের মহিলাদের এগিয়ে নিয়ে যাবার জন্য সবার সহযোগীতার প্রয়োজন রয়েছে । মহিলাদের অধিকার সুরক্ষিত করার জন্য এই সংরক্ষণ গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করে শ্রীমতি নেওগ বলেন-----বাইট----

উল্লেখ্য ২৭ শে মে বিধানসভার অধিবেশনের সমাপ্তি হবে ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি বি এস সি ) দ্বাদশ শ্রেণীর পরীক্ষার উত্তর পত্রের স্ক্যান করা প্রতিলিপি ডাউনলোড করার সময়সীমা আরো একদিন অর্থাৎ আজকের দিন পর্যন্ত বৃদ্ধি করেছে । পর্ষদ বলেছে যে ছাত্র ছাত্রীরা উত্তর পত্রের প্রতিলিপি সংগ্রহ করার জন্য যাতে পর্যাপ্ত সময় লাভ করে তার প্রতি লক্ষ্য রেখেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । উত্তর পত্রের পুনরনীরিক্ষণের জন্য আবেদন গ্রহণের দিন শীঘ্র প্রকাশ করা হবে বলেও পর্ষদ জানিয়েছে ।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ত্রূটিমুক্ত পুনর মূল্যায়ন সুনিশ্চিত করার উদ্দেশ্যে সি বি এস সিকে সহায়তা করতে ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান , আই আই টি মাদ্রাজ ও কানপুরের অধ্যাপক তথা প্রযুক্তি বিশেষজ্ঞের একটি দলকে নিয়োগ করার নির্দেশ দিয়েছে । সি বি এস সির ফলাফল সম্পর্কীত পোর্টেলে শিক্ষার্থী তথা অভিভাবকদের উত্থাপিত বিভিন্ন আপত্তি তথা সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । শিক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠানের বিশেষজ্ঞের দলটি সব প্রক্রিয়ার প্রয়োগিক উন্নতি সাধন করা সহ পোর্টেলটির সার্ভারের কাজকর্ম বিশেষভাবে পরীক্ষা করবে ।

---

আগামী ২৮ শে মে অনুষ্ঠেয় স্নাতক পর্যায়ের বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষা সি ইউ ই টি - ইউ জি পরীক্ষা স্থগিত রাখা হয়েছে । জাতীয় পরীক্ষণ সংস্থা এন টি এ ঈদ উদ জোহার বন্ধের দিন পরিবর্তন হবার পরিপ্রেক্ষিতে একথা ঘোষনা করে । সংশোধিত পরীক্ষার দিন শীঘ্র ই ঘোষনা করা হবে বলে সংস্থাটি প্রকাশ করেছে । পরীক্ষা সর্ম্পকিত বিস্তারিত তথ্যের জন্য নিয়মিতভাবে সংস্থার ওয়েবসাইট দেখতে ছাত্র ছাত্রীদের পরামর্শ দেওয়া হয়েছে । যেকোনো তথ্যের জন্য ছাত্র ছাত্রীরা এন টি এর হেল্পলাইন নম্বর ০১১-৪০৭৫৯০০০ যোগাযোগ করতে অথবা সি ইউ ই টি - ইউ জি আই এন টি এ . এ সি . ইন এ লগ ইন করতে বলা হয়েছে ।

---

গৌহাটী হাইকোর্ট জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলার অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের রায় আগামী ২৯ শে মে প্রদান করবে । আজ অভিযুক্তের পক্ষ এবং আসাম সরকারের পক্ষের যুক্তি শোনার শেষে হাইকোর্টের বিচারপতি মিতালী ঠাকুরীয়ার একজনের বিচারপীঠ অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের রায় প্রদানের জন্য ২৯ শে মের দিনটি ধার্য করে । উল্লেখ্য গত ২২শে মে অভিযুক্ত মহন্তকে নির্দোষ আখ্যা প্রবীণ অধিবক্তা প্রাণ বরা জামিনের সপক্ষে যুক্তি প্রদর্শন করেছিলেন । আজ আসাম

সরকারের মহাধিবক্তা দেবজিত শইকিয়া অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের তীব্র বিরোধিতা করেন । কি কি কারণে জামিন হবে না তা ব্যাখ্যা করে মহাধিবক্তা শইকিয়া অভিযুক্ত মহন্তের জামিন হলে পুনরায় পালিয়ে যাবার সম্ভাবনা রয়েছে বলে আদালতকে অবগত করেন । উভয় পক্ষের যুক্তি শোনার পর আদালত অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের রায় প্রদানের জন্য ২৯ শে মে দিনটি ধার্য করেছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটার পৌরহিত্যে আজ গৌহাটীর আসাম প্রশাসনীক পদাধিকারী মহাবিদ্যালয়ে ২০২৭ সালের লোকগণনা ও গৃহ গণনার সংগে জড়িত প্রধান লোকগণনা আধিকারিকদের রাজ্য পর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । আসাম লোকগণনা সঞ্চালকালয়ের সহযোগীতায় অনুষ্ঠিত এই সম্মেলনে দেশের মহাপঞ্জীয়ক ও লোকগণনা আয়ুক্ত , মুখ্য লোকগণনা আধিকারিক , রাজ্য নডেল আধিকারিক , সব জেলার জেলা আয়ুক্ত সহ বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।উল্লেখ্য ২০২৭ সালের লোকগণনা প্রথমবারের জন্য ডিজিটেল পদ্ধতিতে পরিচালনা করা হবে । গৃহ তালিকা , গৃহ গণনা ও জনসংখ্যা গণনা দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে ।লোকগণনার পথম পর্যায়ে গৃহ ও পরিবারের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হবে । প্রথম পর্যায়ের মাধ্যমে সংগৃহীত তথ্য ই সমগ্র দেশ সহ আসামের গ্রামাঞ্চল , নগরাঞ্চল গৃহ নির্মাণ , পরিকাঠামো ও মৌলিক সেবা প্রদানের জন্য পরিকল্পনা করার ক্ষেত্রে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে যথেষ্ট সহায়তা করবে ।

রাজ্য সরকার লোকগণনার প্রথম পর্যায়ের জন্য জাতীয় সময়সূচী ১৭ আগষ্ট থেকে ১৫ ই সেপ্টেম্বর পর্যন্ত নির্ধারণ করে বিজ্ঞপ্তী জারি করেছে । আসামে প্রথম পর্যায়ের জন্য স্ব - গণনা দোসরা অক্টোবর থেকে ১৬ ই আগষ্ট পর্যন্ত সরকারী পোর্টেলের মাধ্যমে জানা যাবে ।দেশের অন্যান্য কেন্দ্রশাসিত অঞ্চল সহ আসামে ও ২০২৭ সালের ফেব্রুয়ারী মাসে জনসংখ্যা গণনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে তিন দফা দাবীর সর্মথনে আজ শিলচরে বিদ্যালয়সমূহের পরিদর্শকের মাধ্যমে রাজ্যের মূখ্যমন্ত্রীর কাছে একটি স্মারক পত্র প্রেরণ করা হয়েছে । স্মারক পত্রে রাজ্যের মাতৃভাষার মাধ্যমের বিদ্যালয়গুলি চালু রাখা , শিক্ষকের শূন্য পদগুলি অবিলম্বে পূরন করা এবং মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক উর্ত্তীন প্রতিটি ছাত্র-ছাত্রীর উচ্চ শিক্ষায় ভর্তি সুনিশ্চিত করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে জেলা কমিটির সহ-সভাপতি

পল্লব ভট্টাচার্য্য, আপন লাল দাস , জেলা সম্পাদক স্বপন চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায় গত কয়েক দিন থেকে অবিরাম বৃষ্টির ফলে শ্রীভূমি জেলার লঙ্গাই ও শিংলা নদীর জল বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে । আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন যে আজ বিকেল চারটেয় চাঁদখীরায়  লঙ্গাই নদী বিপদসীমার চার সেন্টিমিটার উপরে এবং আনিপুরে শিংলা নদী বিপদসীমার ছয় সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । তবে বরাক, কুশিয়ারা নদী সহ অন্যান্য নদীর জল এখনো বিপদসীমার নীচে প্রবাহিত হচ্ছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। জেলা প্রশাসন থেকে পরিস্থিতির উপর নজর রাখা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরে দীর্ঘ দিন থেকে জমা জলের সমস্যার স্থায়ী সমাধানের দাবীতে আজ শ্রীভূমি শহরের মহিলাদের পক্ষ থেকে শহরের নীলমনি রোডে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে । বিক্ষোভকারীদের পক্ষ থেকে  এলাকার বিভিন্ন বাড়িতে বৃষ্টির জল ঢুকে পড়া সহ নিকাশী ব্যবস্থা ভেঙ্গে পড়ার অভিযোগ করে  সাধারন মানুষ চরম ভোগান্তির শিকার হচ্ছেন এবং যাতায়াত ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে । বিক্ষোভকারী মহিলাদের পক্ষ থেকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার দাবী জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------